

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ : ১৫/০৮/২০২১

পাবিপ্রবিতে জাতীয় শোক দিবস পালন

(১৫.০৮.২০২১) : হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার।

আজ রবিবার সকাল ১০.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ স্মারক ম্যুরাল 'জনক জ্যোতির্ময়' এ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ার খসরু পারভেজ ও রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রক্ষ।



১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল 'জনক জ্যোতির্ময়' এ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ সময় শোক দিবসের এক সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী বলেন, দেশি-বিদেশী ষড়যন্ত্রের মাধ্যমে জাতির পিতাকে হত্যা করা হয়। দেশ স্বাধীনের পর জাতির পিতা প্রতিটি ক্ষেত্রে সংস্কারের হাত দিয়েছিলেন। তাঁর এ সংস্কার দেশি-বিদেশী কুচক্রী মহল মেনে নিতে পারেনি। তাই তাঁকে সপরিবারে নির্মমভাবে আজকের এই দিনে হত্যা করা হয়। হত্যাকারীরা জাতির পিতাকে হত্যার মধ্য দিয়ে দেশের অগ্রযাত্রাকে খামিয়ে দিতে চেয়েছিল। কিন্তু সেটা সফল হয়নি। উপাচার্য হত্যাকারীদেরকে খুঁজে বের করার জন্য সরকারের কাছে কমিশন গঠনের আহ্বান জানান।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

জাতির পিতার কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আজ উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে। তিনি আরও বলেন, সকল ষড়যন্ত্রকে আমাদের প্রতিহত করে এই উন্নয়নকে ত্বরান্বিত করার জন্য প্রতিটি ক্ষেত্রে সরকারকে সহযোগিতা করতে হবে। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ার খসরু পারভেজ বলেন, ১৫ আগস্ট জাতির পিতাকে হত্যার মধ্য দিয়ে অর্থনৈতিকভাবে দেশকে পিছিয়ে দেয়ার অপচেষ্টা সফল হয়নি। বঙ্গবন্ধুর আলো সারা পৃথিবীতে ছড়িয়ে পড়েছে। জাতির পিতার কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে হেনরি কিসিঞ্জারের তলাবিহীন বুড়ি থেকে বাংলাদেশ আজ মধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছে।

আরও বক্তব্য প্রদান করেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট অধ্যাপক মো. সাইফুল ইসলাম, রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্ম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ হারুনুর রশিদ ডন, কর্মচারী পরিষদের সাধারণ সম্পাদক শাহরিয়ার হোসেন পাভেল।

এ সময় আরও শ্রদ্ধাঞ্জলি করেন ডিন বিজ্ঞান অনুষদ, প্রকৌশল অনুষদ এবং মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, বঙ্গবন্ধু পরিষদ, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রশাসন, শেখ হাসিনা হল প্রশাসন, অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, পরিবহন পুল, পদার্থবিজ্ঞান সমিতি, রসায়ন পরিবার, আইসিই এসোসিয়েশন, লোক প্রশাসন সমিতি, ইইই, ব্যবসায় প্রশাসন, গণিত, অর্থনীতি, বাংলা, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ইংরেজি বিভাগ, প্রকৌশল দপ্তর, পরিকল্পনা ও উন্নয়ন, ওয়ার্কস দপ্তর, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ ও রোভার স্কাউট গ্রুপসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের অধ্যাপক ও বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ড. মো. হাবিবুল্লাহ। অনুষ্ঠান শেষে বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়ার আয়োজন করা হয়।

বার্তা প্রেরক

মো. বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।